সংক্ষিপ্ত

# আন্দোলনের হুমকি রাবি উপাচার্যের বিরুদ্ধে

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ৮ নভেম্বর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ- অ অ+

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) বিদ্যমান নীতিমালায় আর কোনো শিক্ষক নিয়োগ দেওয়া হলে উপাচার্যকে পদত্যাগ করতে বাধ্য করা হবে বলে ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষক। ‘দুর্নীতির বিরুদ্ধে রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যানারে’ গতকাল বৃহস্পতিবার শিক্ষকদের একটি দল শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনের সামনে মানববন্ধন করে এ ঘোষণা দেন। মানববন্ধনে ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের অধ্যাপক সুলতান-উল-ইসলাম বলেন, ‘বর্তমানে রাবির শিক্ষক নিয়োগ নীতিমালায় মেধার কোনো বালাই নেই। উপাচার্য তাঁর মেয়ে ও জামাতাকে নিয়োগ দেওয়ার জন্য উদ্দেশ্যমূলকভাবে আবেদন যোগ্যতা শিথিল করেছেন। স্নাতক পরীক্ষায় মেধা তালিকায় যাঁরা প্রথম দিকে ছিলেন তাঁদের পরিবর্তে ৬৭তম হয়েও উপাচার্যের জামাতা শিক্ষক হিসেবে নিয়োগ পেয়েছেন। শিক্ষকদের মধ্যে যাঁরা এসব অন্যায় ও দুর্নীতির বিরুদ্ধে কথা বলছেন তাঁদের বিভিন্নভাবে নাজেহাল করা হচ্ছে। এতে আমরা পিছপা হব না বরং আন্দোলন আরো কঠোর হবে।’